# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৮৬. নিতান্ত কোন বাধ্য-বাধকতা ছাড়াই কোন মৃত ব্যক্তিকে রাত্রি বেলায় দাফন করা

জাবির বিন্ 'আব্দুল্লাহ্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَدْفِنُوْا مَوْتَاكُمْ بِاللَّيْلِ إِلاَّ أَنْ تُضْطَرُّوْا

“তোমরা কখনো একান্ত বাধ্য না হলে মৃতদেরকে রাত্রি বেলায় দাফন করো না”।[1]

তবে নিতান্ত প্রয়োজনে কোন মৃত ব্যক্তিকে রাতের বেলায় দাফন করা যেতে পারে।

আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন:

أَدْخَلَ رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلاً قَبْرَهُ لَيْلاً ، وَأَسْرَجَ فِيْ قَبْرِهِ

“রাসূল (সা.) জনৈক ব্যক্তিকে রাত্রি বেলায় তার কবরে আলো জ্বালিয়ে তাকে কবরস্থ করেন”।[2]

>

## ফুটনোট

[1] (ইবনু মাজাহ্, হাদীস ১৫৪৩)

[2] (ইবনু মাজাহ্, হাদীস ১৫৪২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11336

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন